3048 I 2921

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

भारत

एक हजार रुपये ONE THOUSAND RUPEES

रु.1000 Rs.1000

सत्यमेव जयते

INDIA

পশ্চিমবঙ্গ পश्चिम बंगाल WEST BENGAL B 980892

শুভ দানপত্র দলিল মূল্য ৩,৭৬,০০০.০০ টাকা, মৌজা ভোলারডাবরী, জমি ঃ- ০৫ ডেঃ পূর্ণ ৬২১/২ বর্গলিং তৎসহ পুরাতন একখানি গৃহ, থানা আলিপুরদুয়ার, আলিপুরদুয়ার পৌরসভার ১৯ নং ওয়ার্ডের অধীন।

Admissible under rule 21 duly Stamped (or exempt from or does not require stamp duty) under the Indian Stamp Act. 1899 & W.B.L.R. Act. 1956

Schedule........

Fees Paid exempted Rs........ Court Fees

Fees Rs........

Additional Dist. Sub-Registrar, Alipurduar, Dist. Jalpaiguri

18 JUN 2009

১নং দান দাত্রী ঃ



भारतीय गैर न्यायिक

भारत INDIA

रु. 500 FIVE HUNDRED RUPEES

पाँच सौ रुपये Rs. 500

सत्यमेव जयते


INDIA NON JUDICIAL

पश्चिमबঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL

A 578330


২নং দানগ্রহীতা ঃ





৩নং দানগ্রহীতা ঃ





भारतीय गैर न्यायिक

एक सौ रुपये

**Rs. 100**

**रु. 100**

ONE
HUNDRED RUPEES

सत्यमेव जयते

भारत INDIA

INDIA NON JUDICIAL

**পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL**

E 581054

দান গ্রহীতা ঃ



রঞ্জন সেনগুপ্ত

**বরাবর ঃ-** শ্রী রঞ্জন সেনগুপ্ত পিতা স্বর্গীয় পূর্ণচন্দ্র সেনগুপ্ত, জাতি হিন্দু পেশা ব্যবসা, সাকিন ও পোঃ আলিপুরদুয়ার কোর্ট, ওয়ার্ড নং ১৯, থানা আলিপুরদুয়ার, জেলা জলপাইগুড়ি (ভারতীয় নাগরিক) বরাবরেষু।

भारतीय गैर न्यायिक

एक सौ रुपये

Rs. 100

ONE HUNDRED RUPEES

रु. 100

सत्यमेव जयते

भारत INDIA

INDIA NON JUDICIAL

पশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL

E 581058

লিখিতং ঃ- ১) শ্রীমতি মায়া রানী সেনগুপ্ত স্বামী মৃত পূর্ণ চন্দ্র সেনগুপ্ত (২) শ্রী অনুপ কুমার সেনগুপ্ত পিতা স্বর্গীয় পূর্ণ চন্দ্র সেনগুপ্ত (৩) শ্রীমতি শুক্লা সরকার (সেনগুপ্ত) স্বামী শ্রী দিলীপ কুমার সরকার। সকলের জাতি হিন্দু পেশা যথাক্রমে গৃহস্থালী, চাকুরী ও গৃহস্থালী, ১নং ও ২নং দাত্রী ও দাতার সাকিন ও পোঃ আলিপুরদুয়ার কোর্ট, থানা আলিপুরদুয়ার, জেলা জলপাইগুড়ি ৩নং দাত্রীর সাকিন আলিপুরদুয়ার নিউটাউন দুর্গাবাড়ী, পোঃ ও থানা আলিপুরদুয়ার, জেলা জলপাইগুড়ি (ভারতীয় নাগরিক)।

কস্য শুভদান পত্রমিদং কার্য্যঞ্চাগে। অত্র দানপত্র দলিল দাত্রী আমি বর্তমানে বৃদ্ধ অবস্থায় উপনিত হইয়াছি ও দৈনন্দিন ক্রমশঃ কাতর ও দুর্বল হইয়া পড়িতেছি এবং মানব জীবন অনিত্য ইহার কোন নিশ্চয়তা নাই ও দান গ্রহিতা তুমি আমার গর্ভজাত পুত্র বট এবং আমরা ২নং ও ৩নং দাতা দাত্রীদ্বয়ের তুমি সহোদর ভ্রাতা বট, তুমি শৈশব কাল হইতে শ্রেণীভেদে আমাদেরকে যৎপরোনাস্তি ভক্তি শ্রদ্ধা সেবা শুশ্রুষা করিয়া আসিতেছ ও করিতেছ এবং আশাকরি অনুরূপ ভক্তি শ্রদ্ধা সেবা শুশ্রুষা আমাদের আজীবনকাল পর্যন্ত করিবে ইহা আমাদের সুদৃঢ় বিশ্বাস ও তোমার নৈতিকতা অত্যন্ত প্রশংসনীয় ও তোমার প্রগাঢ় ভক্তি

भारतीय गैर न्यायिक

एक सौ रुपये

रु. 100

Rs. 100

ONE HUNDRED RUPEES

सत्यमेव जयते

भारत INDIA

INDIA NON JUDICIAL

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL

E 581059

শ্রদ্ধা আচার ব্যবহারে আমরা অত্যন্ত প্রীত এবং আমরা তোমার প্রতিনিয়তই করুনাময় ঈশ্বরের নিকট তোমার কুশল মঙ্গলের জন্য প্রার্থনা জানাই ও তোমার সমূহ মঙ্গলের ও আমাদের আত্মার পরিতৃপ্তির জন্য ভোলারডাবরী মৌজাস্থিত বিগত ইং- ১৯/০৪/১৯৬১ তারিখের ৫৭৬৯ নং এক কোবালা দলিল মূলে ১নং দাত্রীর স্বামী ও ২নং ৩নং দাতা দাত্রীদ্বয়ের পিতা পূর্ণ চন্দ্র সেনগুপ্ত তাহার মায় তিন ভ্রাতা সমেত একত্রে যৌথভাবে ২৭ সাতাইশ ডিং রায়তী স্বত্ব বিশিষ্ট ভূমি খরিদ করিয়া তাহার অংশের স্বত্ব ভোগদখলীয় তপশীলে বর্ণিত খতিয়ানের অন্তর্ভুক্ত বর্তমান সেটেলমেন্ট রেকর্ডে রেকর্ডমূলে স্বত্ববান ভোগদখলিকার অবস্থায় গৃহ নির্মান করিয়া বসবাস করা কালীন পরলোক গমন করিলে তৎ সম্পত্তি আমরা ওয়ারিশসূত্রে প্রাপ্ত হইয়া বর্তমানে ভোগদখলকার আছি উক্ত স্বত্ব দখলীয় ০৫ ডেঃ পূর্ণ ৬২$^{১}/_{২}$ বর্গলিং ভূমি ও পুরাতন গৃহ যাহার আনুমানিক বাজার দর মূল্য মং ৩,৭৬,০০০.০০ টাকা তিন লক্ষ ছিয়াত্তর হাজার টাকা হইবেক উক্ত ভূমি ও গৃহ স্নেহের নিদর্শন স্বরূপ অত্র দানপত্র দলিলমূলে তোমাকে দান করিলাম এবং দানকৃত ভূমি ও গৃহ তোমাকে দখল দিয়া অদ্য হইতে চিরতরে আমরা দানকৃত সম্পত্তি হইতে দখলহীন হইলাম

भारतीय गैर न्यायिक

एक सौ रुपये

Rs. 100

रु. 100

ONE HUNDRED RUPEES

सत्यमेव जयते

भारत INDIA

INDIA NON JUDICIAL

পশ্চিমবঙ্গ পশ্চিম বংগাল WEST BENGAL

E 581060

এবং স্বীকার অঙ্গিকার করিতেছি যে দানকৃত সম্পত্তির মধ্যে আমাদের যে সকল স্বত্ব স্বামীত্ব ভোগদখল ও অধিকার ছিল বা আছে তাহা সম্পূর্ণ অদ্য হইতে আমাদিগতে লুপ্ত হইয়া তোমাতে বর্তিল এবং তুমি অদ্য হইতে আমাদের দানকৃত সম্পত্তি মধ্যে আমাদের ন্যায় তুল্য ক্ষমতায় যাবতীয় স্বত্বে স্বত্ববান হইয়া সর্বপ্রকার দান বিক্রয় হস্তান্তর করনের ক্ষমতাযুক্তে সর্বাধিকারী হইয়া মালিক সেরেস্তায় আমাদের নাম কর্ত্তন করিয়া তোমার নামে নামজারী করতঃ পুত্র পৌত্রাদি ওয়ারীশানক্রমে পরম সুখে ভোগ দখল করিতে থাক, তাহাতে আমরা মায় আমাদের স্থলাভিষিক্ত উত্তরাধিকারী ক্রমে কেহ কোন প্রকার দাবা দাবী কিংবা ওজর আপত্তি করিতে পারিব না ও রহিলেক না করিলে সর্বত্রই তাহা অত্র দলিলের বলে সর্বতোভাবে বাতিল ও অগ্রাহ্য হইবেক। এতদ্বার্থে সুস্থ চিত্তে স্বজ্ঞানে অন্যের বিনা প্ররোচনায় অত্র দানপত্র দলিল স্বেচ্ছায় খুশীমনে আমরা তোমার অনুকুলে সহি সম্পাদন করিয়া দিলাম ও তুমি যে অত্র দান আমাদেরকর্তৃক গ্রহণ করীলে তাহার স্বীকৃতি স্বরূপ তুমিও অত্র দলিলে সহি স্বাক্ষর করিলে। ইতি ১৪১৬ চৌদ্দশত ষোল সনের ৩রা আষাঢ় ইংরাজী ১৮-০৬-২০০৯ আঠার জুন দুই হাজার নয় সন।

## তপশীল সম্পত্তি বর্ণনা

জেলা জলপাইগুড়ি, থানা তহশীল ও অতিরিক্ত জেলা অবর নিবন্ধক কার্য্যালয় আলিপুরদুয়ার অধীন পৌরসভার ১৯নং ওয়ার্ডস্থিত মৌজা ভোলারডাবরী মধ্যে বার্ষিক ২৬ পয়সা জমায় ০৬ ছয় ডিং ভূমি বর্তমান সেটেলমেন্ট রেকর্ডে আমাদের পিতার নামে ১৪৩৩ চৌদ্দশত তেত্রিশ খতিয়ানে ও সংশোধিত ৫৭৯ পাঁচশত উনআশি নং হাল খতিয়ানে রেকর্ডভুক্ত নিয়ত বটে ও স্বত্ববান ভোগদখলীকার আছি। উক্ত স্বত্ব দখলীয় ০৫ ডেঃ পূর্ণ ৬২$^{১}/_{২}$ ডিং পাঁচ ডেসিমেল পূর্ণ সাড়ে বাষট্টি বর্গলিং ভূমি তোমাকে দান করিলাম। যাহার দাগ নং উক্ত খতিয়ানের অন্ত র্ভুক্ত হাল ১১৯৩ এগারশত তিরানব্বই ও সাবেক দাগ নং ৬৪০ ছয়শত চল্লিশ উক্ত দাগে দানকৃত ভূমি বটে। জে. এল. নং ৫৬ ছাপ্পান্ন, জমির শ্রেণী রেকর্ডে বাস্ত বটে। তৎ মূল্য ২,৫৪,০০০.০০ দুই লক্ষ চুয়ান্ন হাজার টাকা।

## গৃহের বর্ণনা

ঐ ঐ এলাকাধীন ভোলারডাবরী মৌজাস্থিত উপরোক্ত তপশীলে বর্ণিত খতিয়ানের দাগের উপর দন্ডায়মান একখানি পুরাতন গৃহ যাহার ১নং দৈর্ঘ্য ২৪ ফুট প্রস্থ ১২ ফুট = ২৮৮ বর্গফুট ও ২নং দৈর্ঘ্য ১২ ফুট প্রস্থ ১২ ফুট = ১৪৪ বর্গফুট তৎ সহ ফাঁকা বারান্দা দৈর্ঘ্য ১২ ফুট প্রস্থ ৬ ফুট = ৭২ বর্গফুট, সর্বমোট ৫০৪ বর্গফুট, অত্র গৃহের ভিটি পাকা, ফুল ওয়ালযুক্ত করগেট টিনের ছাউনি যুক্ত গৃহ দানকৃত বটে। তৎ মূল্য ১,২২,০০০.০০ এক লক্ষ বাইশ হাজার টাকা। উক্ত গৃহ ইং ১৯৬২ সনে তৈরি।

## চৌহদ্দি

উত্তরে ঃ- রনজিৎ কুমার সেনগুপ্ত, দক্ষিণে ঃ- পৌরসভার রাস্তা, পূর্বে ঃ- প্রনব সুর গং, পশ্চিমে ঃ- চলাচলের পৌনে সাত ফুট প্রস্থ পথ ও উজ্জ্বল কুমার সেনগুপ্ত। এই চৌহদ্দি মধ্যে উক্ত ০৫ ডেঃ পূর্ণ ৬২$^{১}/_{২}$ বর্গলিং ভূমি ও গৃহ দানকৃত বটে।

অত্র দানপত্র দলিলের দান আমি শ্রদ্ধার সহিত গ্রহন করিলাম।

দান গ্রহিতার স্বাক্ষর

অত্র দলি্লে স্ট্যাম্প ৬ ফর্দ ও ডেমি ২ ফর্দে লেখা রহিল।

দাতাকে দলিল পাঠ করিয়া শুনাইলাম

প্রস্তুতকারক ঃ

আলিপুরদুয়ার এ্যাডিশন্যাল ডিস্ট্রিক্ট সাব রেজিষ্ট্রি

অফিসের অধীন লাইসেন্স নং- ৮/৭.

দলিল লেখকের স্বাক্ষর ঃ-

মুদ্রক ঃ

আলিপুরদুয়ার কোর্ট।

ইসাদি